গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

জুলাই, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন	:	ড. নমিতা হালদার এনডিসি সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	১২/০৮/২০১৮ বেলা ১২.০০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট ক দ্রষ্টব্য

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জুন, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোনো সংশোধনী না থাকায় জুন, ২০১৮ মাসের কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.১ ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। খ) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	ক) **মন্ত্রণালয়:** মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত জুলাই ২০১৮ এর জিআরএস মাসিক প্রতিবেদন অনুযায়ী এ মন্ত্রণালয়, বিএমইটি ও বোয়েসেলের মোট অভিযোগ ছিল ২২৮টি এবং নিষ্পত্তি হয়েছে ২২৫টি। জুলাই মাসে অভিযোগ নিষ্পত্তির হার ৯৮.৬৮%। **বিএমইটিঃ** রি/এজেন্টের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে তদন্ত কার্যক্রমের জন্য টাইম বাউন্ড করে দেয়া হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যেই অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে । বিএমইটি'তে অভিযোগ নিষ্পত্তির হার ৯৮.২৩%। খ) বিগত সমন্বয় সভায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার অনুমোদন দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে উদ্ভাবনী কর্মপরিকল্পনাটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। খ) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (এনফোর্সমেন্ট ও মনিটরিং) কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) খ) ইনোভেশন টীম মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	গ) এ মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত টিভিসি বিএমইটির আওতাধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ও টিটিসিসমূহে প্রদর্শন করতে হবে।	গ) এ মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত টিভিসি বিএমইটির আওতাধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ও টিটিসিসমূহে প্রদর্শন করা হচ্ছে। সম্প্রতি এ মন্ত্রণালয় নারীর নিরাপদ অভিবাসন বিষয়ে আরো একটি টিভিসি প্রস্তুত করেছে। টিভিসিটি সকল টিভি চ্যানেলে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সম্প্রতি তথ্য সচিব বরাবর টিভিসির ৩০টি সিডিসহ পত্র প্রেরণ করা হয়েছে। টিভিসিটি বিএমইটির আওতাধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে এবং টিটিসিসমূহে প্রদর্শন করার লক্ষ্যে মহাপরিচালক বিএমইটি বরাবর প্রেরণ করা হয়েছে। টিভিসিগুলো মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও ইউটিউবে আপলোড করা হয়েছে। তাছাড়া নিরাপদ অভিবাসন বিষয়ক ৬ লক্ষ লিফলেট বিএমইটি, ওয়েজ আর্নার্স **কল্যাণ বোর্ড ও বোয়েসেলের মাধ্যমে** সকল জেলায় বিতরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	গ.১) এ মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত টিভিসি বিএমইটির আওতাধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ও টিটিসিসমূহে প্রদর্শন করতে হবে। **গ.২)** নিরাপদ অভিবাসন বিষয়ক ৬ লক্ষ লিফলেট বিএমইটি, ওয়েজ আর্নার্স **কল্যাণ বোর্ড ও বোয়েসেলের মাধ্যমে** সকল জেলায় বিতরণ করতে হবে।	গ)মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক বিএমইটি, কল্যাণ বোর্ড ও বোয়েসেল
	ঘ) ডিজিটাল সার্ভিস রোডম্যাপ বাস্তবায়ন সংক্রান্ত।	ঘ) এ মন্ত্রণালয়ের আয়োজনে গত ১-২ আগস্ট ২০১৮ তারিখে দুই দিন ব্যাপী ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ ২০২১ প্রস্তুতি ও পরিকল্পনা কর্মশালা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ব্রিফিং সেন্টারে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মোট ১৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন এবং স্ব-স্ব দপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ এর সচিব (সমন্বয় ও সংস্কার) এর উপস্থিতিতে পর্যায়ক্রমে উপস্থাপন করেন। ডিজিটাল সার্ভিস রোডম্যাপ কর্মশালায় গৃহীত কর্মপরিকল্পনাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে মর্মে যুগ্মসচিব (বাজেট) সভাকে জানান।	ঘ) ডিজিটাল সার্ভিস রোডম্যাপ ২০২১ শীর্ষক কর্মশালায় গৃহীত কর্মপরিকল্পনাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	ঘ) প্রশাসন শাখা ও আইটি শাখা এবং দপ্তর/সংস্থা (সকল)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১) সকল শাখায় ই-নথি কার্যক্রম বাড়াতে হবে। ২) বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগসমূহের ধরণ ও নিষ্পত্তির তথ্যসহ প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। ৩) নির্ধারিত সময়ের মধ্যে APA ও NIS সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	১) জুলাই ২০১৮ এর ই-নথি প্রতিবেদন অনুযায়ী ৩য় শ্রেণির ৩৭টি মন্ত্রণালয়ের মধ্যে এ মন্ত্রণালয়ের অবস্থান ২৩ তম। ২) বিএমইটি’র বহির্গমন শাখায় প্রশিক্ষণ সম্পর্কিত সনদ যাচাই, ফিঙ্গার প্রিন্ট Error, স্মার্ট কার্ড সংশোধন বিষয়ে জুলাই/২০১৮ মাসে মোট ১৮৫টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে ১৮৫টি অভিযোগই নিষ্পন্ন করা হয়েছে। ৩) ২০১৮-১৯ অর্থবছরের APA ও NIS এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। যে সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত তারিখের মধ্যে অর্জন করতে হবে সেগুলো পৃথকভাবে তালিকাভুক্ত করে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে প্রেরণ করা হয়েছে। APA অনুযায়ী আগামী ১৫ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮ প্রকাশ করতে হবে। সে লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকলকে উক্ত অর্থবছরের তথ্যাদি প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। আগস্টের মধ্যে সকলকে প্রতিবেদন প্রেরণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	১) শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথি কার্যক্রম সম্পাদন করতে হবে। ২) বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগসমূহের ধরণ ও নিষ্পত্তির তথ্যসহ প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। ৩) ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। সকল কর্মকর্তা (মন্ত্রণালয়) ২। মহাপরিচালক বিএমইটি ৩। ক) সকল কর্মকর্তা খ) দপ্তর/সংস্থা গ) সংসদ ও সমন্বয় শাখা।
২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	১। বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে। ২ (ক) রংপুর, কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলায় সর্বোচ্চ কতজনকে এবং কি কি ট্রেডে প্রশিক্ষণ দেয়া সম্ভব সে বিষয়ে	১) খসড়া বীমা নীতিমালাটি এ মন্ত্রনালয় কর্তৃক যথাযথ বিবেচিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে গত ১৮ জুলাই ২০১৮ তারিখে পত্র মারফত অনুরোধ জানানো হয়। **২(ক) বিএমইটি:** রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট ও গাইবান্ধা জেলার দরিদ্র ও বেকার জনগোষ্ঠীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির	১) বীমা সংক্রান্ত নীতিমালাটি দ্রুততম সময়ে প্রকাশের লক্ষ্যে IDRA এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ২ (ক) অভিবাসনে পিছিয়ে পড়া জেলাসমূহকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সে সকল	১। মহাপরিচালক, কল্যাণ বোর্ড ও উপসচিব (কল্যাণ অধিশাখা) ২) মহাপরিচালক, বিএমইটি

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	বিশ্লেষণপূর্বক বিএমইটি মন্ত্রণালয়কে জানাবে। ২ (খ) বান্দরবানে জরুরি ভিত্তিতে জাপানিজ ভাষার প্রশিক্ষক নিয়োগ দিতে হবে। ৩। প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে উদ্ভাবনী চিন্তার প্রকাশ ঘটিয়ে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।	জন্য STEP, SEIP নিয়মিত ও স্ব নির্ভর কোর্সে রংপুর জেলায় ৪২৭৫ জনকে, কুড়িগ্রাম জেলায় ৩৭৬০ জনকে ও লালমনিরহাট জেলায় ৪২৭৫ জনকে প্র্যাকটিক্যাল অ্যাকশন এর সহায়তায় বিভিন্ন ভাষায় প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। রংপুর, কুড়িগ্রাম ও লালমনিরহাট টিটিসিতে পরিচালিত ট্রেড ও বাৎসরিক সক্ষমতা: • STEP এর আওতাভুক্ত কোর্স-৬ মাস মেয়াদী-৯টি ট্রেড-১২৮০ জন • SEIPএর আওতাভুক্ত কোর্স-৪ মাস মেয়াদী-৭টি ট্রেড-৬৬০ জন • নিয়মিত কোর্স-২ বছর মেয়াদী-৬টি ট্রেড-৪৮৫জন • স্ব-নির্ভর-১০টি ট্রেড-৭৩৩০জন ২ (খ) বান্দরবানে জাপানিজ ভাষায় প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ০১ (এক) জন প্রশিক্ষক নিয়োগ প্রদান করা হয়েছে। রংপুরে কোরিয়ান ভাষায় প্রশিক্ষক প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। ৩) **বিএমইটিঃ** প্রকল্প পরিচালকদের এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের অগ্রগতির বিষয়ে বিএমইটি'র মাসিক সমন্বয় সভায় জবাবদিহিতার আওতায় আনা হয়েছে ও মনিটরিং করা হচ্ছে ।	জেলার স্থানীয় প্রতিনিধিগণকে সম্পৃক্ত করে গঠনমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। ২ (খ) রংপুরে জরুরি ভিত্তিতে কোরিয়ান ভাষার প্রশিক্ষক নিয়োগ দিতে হবে। ৩) প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনা এবং সংসদীয় অনুমিত হিসাব কমিটির সুপারিশ অনুসরণ করতে হবে।	৩। পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা এবং মহাপরিচালক (বিএমইটি)
২.৩ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং	বর্ণিত প্রশ্নমালা উত্তরের প্রেক্ষিতে ধারাবাহিকভাবে স্কুলের জন্য বরাদ্দ প্রদান করতে হবে।	সম্প্রতি সৌদি আরবের দাম্মামে স্কুল ভবনের জমি ক্রয়ের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে অর্থ বরাদ্দ করা হয়েছে। অন্যান্য দেশে স্কুল প্রতিষ্ঠার লক্ষ্যে সকল শ্রম উইংকে একটি প্রশ্নমালা সরবরাহ করার মাধ্যমে মতামত সংগ্রহের কার্যক্রম চলছে। ইতোমধ্যে বিদেশস্থ কিছু শ্রম উইং জানিয়েছে যে, সেসকল দেশে বাংলা স্কুল প্রতিষ্ঠার প্রয়োজন নেই।	বিদেশস্থ যেসকল শ্রমউইং থেকে স্কুল প্রতিষ্ঠার চাহিদা পাওয়া যাবে তৎপ্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা এবং মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৪ অডিট আপত্তি সংক্রান্ত	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	**মন্ত্রণালয়:** মন্ত্রণালয়ের রাজস্ব খাতে ২০টি অডিট আপত্তির মধ্যে ১৫টি নিষ্পন্ন ও ৫টি অনিষ্পন্ন আছে। দক্ষতা উন্নয়ন তহবিলের ১০টি আপত্তির মধ্যে ৪টি নিষ্পন্ন এবং বাকী ৬টি নিষ্পত্তির লক্ষ্যে প্রক্রিয়াধীন আছে। যুগ্মসচিব (বাজেট) সভায় জানান মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ অডিটও জোরদার করতে হবে। সে লক্ষ্যে মন্ত্রণালয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। একই ভাবে বিদেশস্থ বাংলাদেশ মিশনে স্থাপিত শ্রম উইং সমূহে এবং দপ্তর/সংস্থাগুলোতেও অভ্যন্তরীণ অডিট কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। **বিএমইটি:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে জুলাই ২০১৮ মাস পর্যন্ত ২২২টি অডিট আপত্তির মধ্যে ১৩৭টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন ৮৫টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দূতাবাস অডিট অধিদপ্তরের সাথে ১০/০৭/২০১৮ তারিখে দ্বিপক্ষীয় সভা করা হয়েছে। **<u>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:</u>** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৬৬ টি অডিট আপত্তির মধ্যে ৫৫টি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১১টি আপত্তির বিষয়ে ২৭/১১/২০১৭ ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। **বোয়েসেলঃ** ২৪টি আপত্তির মধ্যে ১৩টি নিষ্পত্তি হয়েছে। ১১টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রক্রিয়াধীন রয়েছে।	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	যুগ্মসচিব, বাজেট অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল) এবং মিশন অধিশাখা

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৫ অনিষ্পন্ন বিষয়	মন্ত্রণালয় **ও** দপ্তর/সংস্থার মধ্যে অনিষ্পন্ন বিষয় দ্রুত নিষ্পত্তি করতে হবে।	বিএমইটি ও কর্মসংস্থান-১ শাখা হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী - • মন্ত্রণালয়ের কাছে বিএমইটির পেন্ডিং **পত্র** ২২টি • বিএমইটির কাছে কর্মসংস্থান-১ শাখার পেন্ডিং পত্র ৭টি। দপ্তর/সংস্থার প্রশাসন অধিশাখার কর্মকর্তাগণ সভায় জানান, বিএমইটির প্রেরিত অনিষ্পন্ন পত্রের তালিকা পর্যালোচনা করা হয়েছে। ১ মাসের উর্ধ্বে কোনো পেন্ডিং পত্র নেই।	মন্ত্রণালয় **ও** দপ্তর/সংস্থার মধ্যে অনিষ্পন্ন বিষয় দ্রুত নিষ্পত্তি করতে হবে।	সংস্থা অধিশাখা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা
২.৬ মামলা সংক্রান্ত	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মামলার সংখ্যা, বর্তমান অবস্থা ও গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মন্ত্রণালয়: মন্ত্রণালয়ে নিয়োগকৃত ৩ জন প্যানেল আইনজীবীকে মন্ত্রণালয়ের মামলাসমূহ পরিচালনা করার দায়িত্ব প্রদান করা হয়েছে। **বোয়েসেলের মামলার সংখ্যা-২টি।** বিএমইটির মোট **মামলার সংখ্যা**-২৩৮টি। তন্মধ্যে রিট মামলার সংখ্যা-১২৮টি।	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মামলার সংখ্যা, বর্তমান অবস্থা ও গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	প্রশাসন ও আইন শাখা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা (সকল)
২.৭ ভিজিলেন্স টাস্কফোর্স সংক্রান্ত	মাসে ১ (এক) বার অভিযোগ বক্স খুলে অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) ০৮/০৮/২০১৮ এবং ০৯/০৮/২০১৮ তারিখে গামকার আওতাধীন দুইটি মেডিকেল সেন্টার যথাক্রমে আল গোফিলি মেডিকেল সেন্টার , বাড়ী নং-৮২, বোড নং-১৭/এ, ব্লক-ই এবং মক্কা মেডিকেল সেন্টার, বাড়ী নং-৯৭, রোড নং-১৩, ব্লক-ডি, বনানী ঢাকায় দুইটি অভিযান পরিচালনা করা হয়। খ) ৪টি মেডিকেল সেন্টারে অভিযান বক্স খুলে কোন অভিযোগ পাওয়া যায়নি।	মাসে ১ (এক) বার অভিযোগ বক্স খুলে অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) যুগ্ম সচিব (এনফোর্সমেন্ট ও মনিটরিং অধিশাখা) ও উপসচিব (এনফোর্সমেন্ট)

দপ্তর/সংস্থা :

৩. জনশক্তি**,** কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	বিএমইটির আওতাধীন টিটিসি ও আইএমটিসমূহ পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	বিএমইটির আওতাধীন টিটিসি ও আইএমটিসমূহ পরিদর্শন অব্যাহত রয়েছে।	বিএমইটির টিটিসি ও আইএমটি পরিদর্শনপূর্বক আবশ্যিকভাবে মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রতিবেদন দিতে হবে।	মহাপরিচালক, বিএমইটি

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.২ ব্যুরোকে অধিদপ্তরে রুপান্তর সংক্রান্ত	-	জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোকে অধিদপ্তরে রুপান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিতব্য প্রস্তাবের সাথে সংযুক্ত পদসৃষ্টির চেকলিস্টের ১৪ নং ক্রমিকে মন্ত্রণালয়ে অভ্যন্তরীণ সভা করে বর্ণিত প্রস্তাব পর্যালোচনাপূর্বক সুপারিশ গ্রহণ করার নির্দেশনা আছে। উপসচিব (সংস্থা) এ বিষয়ে যৌক্তিকতা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে অধিদপ্তর হিসেবে বিএমইটির নতুন নাম প্রস্তাব হয় বৈদেশিক কর্মসংস্থান ও প্রশিক্ষণ অধিদপ্তর (**Directorate of Overseas Employment & Training**)।	বিএমইটিকে অধিদপ্তরে রুপান্তরের যৌক্তিক প্রস্তাব জনপ্রশাসনে প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাপরিচালক, বিএমইটি
৩.৩ বিদেশে কর্মী প্রেরণ সংক্রান্ত	-	সম্প্রতি লেবানন সফরের পরিপ্রেক্ষিতে চেয়ারপার্সন সভায় জানান, লেবাননে বাংলাদেশের বেশ কিছু কর্মী কাজ না পেয়ে অনৈতিক কাজকর্মে জড়িয়ে পড়ছে। সুতরাং লেবাননে যে সকল রিক্রুটিং এজেন্টের মাধ্যমে কর্মী গমন করছে সে সকল এজেন্ট এবং লেবাননে প্রেরিত কর্মীর তথ্যাদি অনতিবিলম্বে জানা প্রয়োজন।	অনতিবিলম্বে লেবাননে প্রেরিত কর্মীর সংখ্যা এবং প্রেরণকারী রিক্রুটিং এজেন্ট এর তালিকাসহ পজিশন পেপার উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক, বিএমইটি

৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	কল সেন্টারের মাধ্যমে চাহিত তথ্যাদি/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ/সমস্যা নিষ্পত্তিতে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। গত জুলাই ২০১৮ মাসে প্রবাসবন্ধু কল সেন্টারে ১৪২টি কল পাওয়া যায়। এর মধ্যে ১২৩টি কল নিষ্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ১৯টি কল নিষ্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।	কল সেন্টারের মাধ্যমে চাহিত তথ্যাদি/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
৪.২ শ্রম উইং এ সহযোগিতা	-	চেয়ারপার্সন সভায় জানান, সম্প্রতি সংযুক্ত আরব আমিরাত সরকার অবৈধ কর্মীদের বৈধকরণের লক্ষ্যে General Amnesty ঘোষণা করেছে। ফলে দুবাই ও আবুধাবীস্থ শ্রম উইং এ বৈধকরণ সংক্রান্ত কাজের চাপ বৃদ্ধি পাওয়ায় সেখানে অতিরিক্ত মেশিন ও জনবল প্রয়োজন। ইতোমধ্যে তারা চাহিদা প্রেরণ করেছে। এ বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দুবাই ও আবুধাবীস্থ শ্রম উইং এর চাহিদা যাচাই অন্তে অর্থ বরাদ্দপূর্বক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

৫. বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১ বোয়েসেলের কার্যক্রম	বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানে আরও তৎপর হতে হবে।	জুলাই ২০১৭ হতে জুন ২০১৮ পর্যন্ত ০১ বছরে জর্ডান, কাতার, দক্ষিণ কোরিয়া ও মালদ্বীপে মোট ১১০৩৩ জন কর্মী গমন করেছে। জুলাই ২০১৮ মাসে দক্ষিণ কোরিয়া, জর্ডান ও মালদ্বীপে মোট ৯১৫ জন কর্মী গমন করেছে। নতুন শ্রমবাজার অনুসন্ধানের অংশ হিসেবে ২১-৩১ জুলাই ২০১৮ পর্যন্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে স্পেন, ইটালী, সুইজারল্যান্ড ও গ্রীস সফর করা হয়েছে। বোয়েসেল ইতোমধ্যে বিভিন্ন জেলায় ইন্টারভিউ বোর্ডসহ উপস্থিত হয়ে জর্ডানে গমনেচ্ছু কর্মীদের নির্বাচন করেছে। একইভাবে উত্তরবঙ্গ এবং পার্বত্য জেলাগুলোতে গিয়ে সাক্ষাৎকার গ্রহণপূর্বক কর্মী নির্বাচনের লক্ষ্যে চেয়ারপার্সন বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন।	কর্মী নির্বাচন প্রক্রিয়াটি জনগণের দোরগোড়ায় নিয়ে যেতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক বোয়েসেল

৬. প্রবাসী কল্যাণ ব্যাংক:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬.১ প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংককে সীমিত আকারে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে গৃহীত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	সম্প্রতি প্রবাসী কল্যাণ ব্যাংককে তফসিলি ব্যাংকের তালিকাভুক্ত করা হয়েছে। সভায় প্রবাসী কল্যাণ ব্যাংককে অভিনন্দন জানানো হয়। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জানান, বর্তমান প্রেক্ষাপটে ব্যাংকটির জনবল বৃদ্ধি করা হলো অন্যতম চ্যালেঞ্জ।	প্রবাসী কল্যাণ ব্যাংকের জনবল বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

৭. বিবিধ :

৭.১ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম একটি ছক আকারে উপস্থাপন করা হলো:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (গবেষণা ও নীতি)	স্টিয়ারিং কমিটি ১ম সভা আয়োজনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	জাতীয় স্টিয়ারিং কমিটির ১ম সভা আয়োজনের লক্ষ্যে গত ১৯/০৭/২০১৮ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতীয় স্টিয়ারিং কমিটির কার্যপত্র সারসংক্ষেপসহ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত হয়। সে লক্ষ্যে বর্তমানে কার্যক্রম চলমান রয়েছে।	স্টিয়ারিং কমিটির ১ম সভা আয়োজনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।
IPoA ও SDG	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ	IPoA: ৭ জুন ২০১৮ তারিখে ERD তে এ সংক্রান্ত সভা হয়েছে। উক্ত সভায় এ মন্ত্রণালয়ের	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
ফোকাল পয়েন্ট: যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)	মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	একটি প্রেজেন্টেশন দেয়া হয়। SDG: ৫ জুলাই ২০১৮ তারিখে বিআইসিসিতে অনুষ্ঠিত এসডিজি বাস্তবায়ন পর্যালোচনা বিষয়ক জাতীয় সম্মেলনে এ মন্ত্রণালয়ের সচিব এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে একটি আকর্ষণীয় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন।	কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান জনাব রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং শাখা)	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে।	এ মন্ত্রণালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা তথ্য কমিশন কর্তৃক আয়োজিত অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার প্রেক্ষিতে সনদপ্রাপ্ত হয়েছেন। জুলাই মাসে তথ্য অধিকার আইনের অধীনে কোনো পত্র পাওয়া যায়নি।	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে।
নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ)	অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা ও ডে-কেয়ার সেন্টার এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।	নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রবাসী কল্যাণ ভবনে স্থাপিত অভিযোগ বক্সটি প্রতি সপ্তাহে নিয়মিতভাবে খোলা হয়। অভিযোগ পাওয়া গেলে এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে। **ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:** ডে-কেয়ার সেন্টারে ১২ জন শিশু ভর্তি ছিল। ৮ জন শিশুর অভিভাবক ভর্তি বাতিল করেছেন। বর্তমানে ৪ জন শিশু ভর্তি আছে। এ ভবনে অবস্থিত অফিসসমূহে ডে-কেয়ারে শিশু ভর্তির বিষয়টি অবহিত করা হয়েছে।	অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা ও ডে-কেয়ার সেন্টার এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।
কলম্বো প্রসেস **ফোকাল পয়েন্ট:** উপসচিব (মিশন অধিশাখা)	কলম্বো প্রসেসের আসন্ন সভায় সক্রিয় ভূমিকা পালন করতে হবে।	গত ২৪-২৬ জুলাই ২০১৮ তারিখে ম্যানিলায় অনুষ্ঠিত কলম্বো প্রসেসের রেমিট্যান্স সংক্রান্ত সভায় এ মন্ত্রণালয় হতে ২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।	কলম্বো প্রসেসের আসন্ন সভায় সক্রিয় ভূমিকা পালন করতে হবে।
আবুধাবী ডায়ালগ **ফোকাল পয়েন্ট:** উপপ্রধান (পরিকল্পনা শাখা)	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	সভায় আবুধাবী ডায়ালগে এ মন্ত্রণালয়ের কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
NSSS **ফোকাল পয়েন্ট :** অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ) বিকল্প: উপসচিব (কল্যাণ)	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত Action Plan অনুযায়ী এ মন্ত্রণালয়ের এতদ্‌সংক্রান্ত কর্ম-পরিকল্পনায় গৃহীত/গৃহীতব্য কার্যক্রমসমূহের বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা এর সভাপতিত্বে গত ১১/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার আলোকে Action Plan অনুযায়ী এ মন্ত্রণালয়ের আওতাধীন বিভাগ/দপ্তরসমূহে স্ব-স্ব কর্মপরিকল্পনা/কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ক) সামাজিক ভাতা এবং	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
		(খ) মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন, এ দুটি ক্লাস্টার এর সদস্য। এ দুটি ক্লাস্টারের সভায় নিয়মিত অংশগ্রহণসহ এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়।	
Budapest Process **ফোকাল পয়েন্ট: উপসচিব (অভিবাসী ও দক্ষতা উন্নয়ন তহবিল শাখা)**	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	২০১৮ সালে অনুষ্ঠিতব্য Global Compact বাস্তবায়নে বুদাপেস্ট প্রসেসসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামসমূহ কাজ করছে। বুদাপেস্ট প্রসেসে বাংলাদেশ অবজারভার দেশ হিসেবে অংশগ্রহণ করে থাকে। সম্প্রতি বুদাপেস্ট প্রসেসের প্রতিনিধিদল মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে সাক্ষাৎ করেছেন। তারা বিএমইটির কার্যক্রমে সহযোগিতার আগ্রহ প্রকাশ করেছেন মর্মে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান।	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
GFMD **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কর্মসংস্থান শাখা-২)	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।	জিএফএমডির পরবর্তী সম্মেলন মরক্কোতে অনুষ্ঠিত হবে। সম্মেলনে এ মন্ত্রণালয়ের অংশগ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।
Global Compact ফোকাল পয়েন্ট যুগ্মসচিব (অভিবাসী কল্যাণ অনুবিভাগ)	Global Compact সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তা যথাযথ ব্যবস্থা নিবেন।	Global Compact বিষয়ক প্রয়োজনীয় ইনপুট প্রদান করা হয়েছে। ২০১৮ সালের শেষ দিকে জাতিসংঘে Global Compact স্বাক্ষর করার কথা রয়েছে।	Global Compact সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তা যথাযথ ব্যবস্থা নিবেন।
সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (সুনীল অর্থনীতি) ফোকাল পয়েন্ট: উপসচিব (প্রশিক্ষণ)	-	থাইল্যান্ড বাংলাদেশ হতে দক্ষ মৎস্য কর্মী নেয়ার আগ্রহ প্রকাশ করেছে। এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় এ বিষয়ে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বিএমইটির অধীন আইএমটিসমূহে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তাছাড়া, থাইল্যান্ডে বাংলাদেশ হতে দক্ষ মৎস্য কর্মী প্রেরণের লক্ষ্যে নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের সাথে সভা করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরের সমন্বয়ে একটি সভা আহবান করতে হবে।

পরিশেষে চেয়ারপার্সন বলেন, বহির্বিশ্বে বাংলাদেশের কর্মীর চাহিদা ক্রমশ বেড়ে চলেছে। এ সুযোগ কাজে লাগাতে নতুন নতুন ট্রেডে প্রশিক্ষণ সক্ষমতা তৈরির পাশাপাশি বিদ্যমান প্রশিক্ষণ ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে হবে। সকলকে আরো দায়িত্ববোধ ও বিনয়ের সাথে সেবা প্রদানে তৎপর হতে হবে। সময়ের প্রয়োজনে এবং বৃহত্তর স্বার্থে কর্ম সম্পাদনে উদ্ভাবনী শক্তির প্রয়োগ বাড়াতে হবে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার পারফরমেন্স আরো বৃদ্ধির জন্য সকলের স্বতঃস্ফূর্ত সহযোগিতা কামনা করে চেয়ারপার্সন সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৬/৮/১৮
(ড. নমিতা হালদার এনডিসি)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়